গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা শাখা

www.rajshahi.gov.bd

# ফেব্রুয়ারি-২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | আব্দুল জলিল, জেলা প্রশাসক ও<br>সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রাজশাহী |
| সভার তারিখ | ১৯.০২.২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। নির্ধারিত সময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান। তিনি উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখা এবং স্ব-স্ব দপ্তর কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রমসমূহ যথাযথ তদারকির বিষয়ে গুরুত্বারোপ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), রাজশাহী আলোচ্যসূচি অনুযায়ী নির্ধারিত আলোচনাসমূহ নিম্নরূপে উপস্থাপন করেন।

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| আলোচ্যসূচি- ০১:<br>গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ: | সভায় গত ১৫.০১.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা নিয়ে সভায় আলোচনা হয়। | গত ১৫.০১.২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল বিভাগ |
| আলোচ্যসূচি- ০২:<br>উপজেলাসমূহের উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনা: | উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক বিবেচ্য মাসের (সভা অনুষ্ঠানের মাসের) পূর্ববর্তী মাসের কার্যবিবরণী নিয়মিত প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | পূর্ববর্তী মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণ অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |
| আলোচ্যসূচি- ০৩:<br>কার্যপত্র প্রাপ্তি: | সদস্য সচিব জানান যে, আলোচ্য মাসে জেলার ৫২টি দপ্তর থেকে কার্যপত্র পাওয়া যায় এবং অবশিষ্ট দপ্তর থেকে সভায় আলোচনার জন্য কোন তথ্য পাওয়া যায়নি। জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র সঠিকভাবে প্রণয়নের জন্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রত্যেক দপ্তরকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের সার্বিক কার্যক্রমের তথ্য প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। | জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র প্রণয়নের জন্য প্রত্যেক বিভাগকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের সার্বিক কার্যক্রমের তথ্যাদি প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্যসূচি-০৪:<br>**<u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার:</u>**<br>বিগত ডিসেম্বর, ২০২২ ও জানুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:<br>মাসের নাম / গৃহীত সিদ্ধান্ত সংখ্যা / বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা<br>ডিসেম্বর-২২ / ৮২ / ৭৪<br>জানুয়ারি-২৩ / ৮৫ / ৭৮ | সভায় বিগত ১৫.০১.২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এতে অধিকাংশ সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার জন্য দপ্তর সমূহকে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান |

**<u>আলোচ্যসূচি-০৫:</u>**

<u>বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u> বিস্তারিত আলোচনা শেষে প্রত্যেক বিভাগের কার্যক্রম এবং তা বাস্তবায়নের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্র:নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৫.০১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | আলোচনার শুরুতে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহীকে স্বাগত জানিয়ে তাঁর বিভাগের উন্নয়নমূলক তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী তাঁর বিভাগের প্রকল্পের তথ্যসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান, পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচির (GOBM) মোট স্কীমের সংখ্যা ১০০টি। তন্মধ্যে ২৯টি স্কীমের কাজ সমাপ্ত এবং ০৬টি স্কীমের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পের ১৩ টি স্কীমের মধ্যে ১২টির কাজ সমাপ্ত হয়েছে। ১টির কাজ চলমান। বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (GRDRIDP) মোট প্রকল্পের সংখ্যা ১৬৫টি। ১৪৯টি স্কীমের কাজ সমাপ্ত এবং ১০টি স্কীমের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন। এছাড়া প্রোগাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস শীর্ষক প্রকল্পে (SupRB) মোট স্কীমের সংখ্যা ০৯টি। ০১টি স্কীমের কাজ সমাপ্ত, ০৭টি স্কীমের কাজ চলমান, ১টি স্কীমের দরপত্র আহ্বান করা হয়েছে এবং ০১টি স্কীম বাতিল করা হয়েছে। এছাড়া অন্যান্য প্রকল্পসমূহের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, স্বল্প সময়ের মধ্যে | <u>৫.১.১</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধসহ স্থানীয় জনপ্রতিনিধিগণকে এ বিষয়ে নজরদারি করার জন্য অনুরোধ জানানো হয়।<br><u>৫.১.২</u>- গোদাগাড়ী-সাধুরমোড়-কাকনহাট রাস্তার বিল্ডিংগুলো অপসারনের জন্য ইউএনও, গোদাগাড়ী, উপজেলা চেয়ারম্যান, গোদাগাড়ী এবং প্রয়োজনীয় সংখ্যক বুলডোজারসহ শ্রমিক সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ করা হয়।<br><u>৫.১.৩</u>- বাঘা উপজেলা কমপ্লেক্সের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১।নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী<br>২। ইউএনও (সকল), রাজশাহী<br>৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া যাবে এবং চলতি অর্থ বছরের জুনের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্পের কাজ সমাপ্ত হবে।<br>নির্বাহী প্রকৌশলী বলেন, গোদাগাড়ী-সাধুরমোড়-কাকনহাট রাস্তাটির কাজ দীর্ঘদিন বন্ধ থাকার পর সম্প্রতি শুরু হয়েছে তবে নির্মাণ সামগ্রীর দাম বৃদ্ধির কারণে কাজের গতি কিছুটা কমেছে। স্বল্প সময়ের মধ্যে বরাদ্দ পাওয়া যাবে এবং জুনের আগে কাজ শেষ হবে মর্মে আশা প্রকাশ করেন।<br>ইউএনও, গোদাগাড়ী বলেন, রাস্তাটির সম্মুখভাবে অবস্থিত কিছু বিল্ডিংয়ের কারণে কাজের বিঘ্ন হচ্ছে। তিনি অতি দ্রুত বিল্ডিংগুলো অপসারনের জন্য সভাপতিকে অনুরোধ করেন।<br>সভাপতি গোদাগাড়ী-সাধুরমোড়-কাকনহাট রাস্তার বিল্ডিংগুলো অপসারনের জন্য ইউএনও, গোদাগাড়ী, উপজেলা চেয়ারম্যান, গোদাগাড়ী এবং প্রয়োজনীয় সংখ্যক বুলডোজার ও শ্রমিক সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, বাঘা উপজেলা বলেন, তার উপজেলা কমপ্লেক্সের কাজ শুরু হয়েছে, তবে খুব ধীরগতিতে কাজটি চলছে। তিনি দ্রুত কাজটি সম্পন্নের জন্য সভাপতিকে অনুরোধ করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.০২ | গণপূর্ত বিভাগ-১ রাজশাহী | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-১ তাঁর বিভাগের উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, অনেকগুলো প্রকল্পের কার্যক্রম চালু রয়েছে।<br>তিনি জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অফিস ব্লকের রং, Internal Sanitary এবং অভ্যন্তরীণ বৈদ্যুতিকরণ এর কাজ ও প্লানেটারিয়াম ব্লকের রং মার্বেল ও Pavement টাইলস এর কাজসহ ফায়ার ফাইটিং, Ac ducting ও অভ্যন্তরীণ বৈদ্যুতিকরণ কাজ চলমান।<br>Inner dome Installation এর কাজ চলছে। Outer dome Installation এর কাজ শেষ পর্যায়ে। বাউন্ডারি ওয়ালের এর Globe লাগানোর কাজ এবং Main Gate-এ রাস্তার কাজ চলমান। সিভিল এবং ইলেকট্রিক্যাল ওয়ার্কস এর অবশিষ্ট কাজ ডাবল গ্লাসড একুস্টিক ওয়ার্কস ফোর্স ভেন্টিলেশন, রুলার ব্লাইন্ড, বঙ্গবন্ধু কর্ণার, শেখ রাসেল কর্ণার, ফলস সিলিং, সায়েন্টিফিক লাইব্রেরি, গ্লাস কানোপি ইত্যাদির DGU লাগানোর কাজ প্রায় শেষ।<br>তিনি আরো বলেন, জেল ট্রেনিং সেন্টারের কাজ যথারীতি চলমান এবং আগামী জুন/২৩ এর মধ্যে সম্পন্ন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আঞ্চলিক কার্যালয়, রাজশাহীর ১ম তলার ছাদের সাটারিং চলছে এবং জানুয়ারি/২৩ পর্যন্ত অগ্রগতি ৩০%। রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টারের অফিস কার্যক্রম শুরু হয়েছে। এছাড়াও ৬ষ্ঠ তলার টাইলস স্থাপন ও প্লাস্টারের কাজ চলছে। অন্যান্য ফ্লোরের স্যানিটারী ও ইলেকট্রিক কাজ এবং ড্রেন ও এপ্রোন এর কাজ চলমান রয়েছে। | ৫.০২.১- প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.০৩ | গণপূর্ত বিভাগ-২, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-২ এর প্রতিনিধি তার দপ্তরের উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>তিনি জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান, সরকারি শিশু হাসপাতাল নির্মাণ প্রকল্পের ভেরিয়েশন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং তা অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।<br>তিনি আরও জানান, ক্যান্সার হাসপাতাল ইউনিটের Site এর মাটি অনেকটা Excavate করার কারণে ICU Unit ও Staff Nurses Hostel এর দিক থেকে পানি কিছুটা বালিসহ Excavate সাইটে আসছে। এজন্য Design Division হতে Dewatering এর কাজ চলমান। মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের আওতায় পুঠিয়া, দূর্গাপুর ও তানোর উপজেলার কাজ চলমান রয়েছে। গোদাগাড়ী মডেল মসজিদের ভবনটি ব্যবহৃত হচ্ছে এবং হস্তান্তর প্রক্রিয়াধীন। মোহনপুর মডেল মসজিদ এর দরপত্র বাতিল করে নতুনভাবে দরপত্র আহ্বান করা হয়েছে। এছাড়া বাগমারা মডেল মসজিদের দরপত্র বাতিলের প্রক্রিয়া চলমান। ভূমি চূড়ান্তকরণ সাপেক্ষে নতুন দরপত্র আহ্বান করা হবে।<br>সভাপতি বাগমারা মডেল মসজিদের জায়গা নির্বাচনের অগ্রগতি বিষয়ে ইউএনও, বাগমারার কাছে জানতে চাইলে ইউএনও, বাগমারা বলেন, ইতিমধ্যে জমি নির্বাচন ও ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে এবং খুব শীঘ্রই নতুন দরপত্র আহ্বান করা সম্ভব হবে। | <u>৫.৩.১</u>- সরকারি শিশু হাসপাতালের হস্তান্তর প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে হাসপাতালটিতে চিকিৎসা সেবা চালু করার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।<br><u>৫.৩.২-</u> বাগমারা মডেল মসজিদসহ অন্যান্য মডেল মসজিদের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী<br>২। উপজেলা পরিষদ চেয়ারম্যান, পুঠিয়া/দুর্গাপুর/ তানোর/ বাগমারা, রাজশাহী<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া/দুর্গাপুর/ তানোর/ বাগমারা,<br>বাগমারা, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.০৪ | সড়ক ও জনপথ বিভাগ, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী, সওজ, রাজশাহী এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। রাজশাহী-নওহাটা-চৌমাসিয়া সড়কের বিন্দুর মোড় হতে বিমানবন্দর হয়ে নওহাটা ব্রীজ পর্যন্ত পেভমেন্ট ৪ লেনে উন্নীতকরণ প্রকল্পের অগ্রগতি ৭৪%। বানেশ্বর-সারদা-চারঘাট-বাঘা-লালপুর-ইশ্বরদী(পাবনা) জেলা মহাসড়ককে আঞ্চলিক মহাসড়কের মানে উন্নীতকরণ প্রকল্পের অগ্রগতি ৭৩%।<br>চেয়ারম্যান, দুর্গাপুর উপজেলা পরিষদ, রাজশাহী বলেন যে, তার উপজেলায় ৭টি ইউনিয়ন পরিষদ ও ১টি পৌরসভা রয়েছে। বেলী ব্রীজের পাটাতন ভাঙ্গার কারণে জনসাধারণের যাতায়াতে সমস্যা হচ্ছে। তিনি এটি মেরামতের জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পুঠিয়া, রাজশাহী বলেন পুঠিয়া-আড়ানী রোড নিয়ে গাড়ী চালকদের বিস্তর অভিযোগ রয়েছে। রাস্তার ফিনিশিং ভাল না হওয়ায় গাড়ীর টায়ার নষ্ট হচ্ছে মর্মে জানান ।<br>এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী জানান যে, রোডের ফিনিশিং ভাল হয়েছে। ০১(এক) মাস গাড়ী চলাচল করার পর এটি স্বাভাবিক হয়ে যাবে। | <u>৫.৪.১-</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করা এবং বিমানবন্দর সড়কের অসম্পূর্ণ কাজ দ্রুত সম্পাদনের জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, রাজশাহী। |
| ৫.০৫ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহীর প্রেরিত তথ্য সভায় উপস্থাপন করা হয়। তিনি জানান, রাজশাহী জেলায় ৫টি প্রকল্পের কাজ যথারীতি চলছে। | <u>৫.০৫.১-</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী |
| ৫.০৬ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী তাঁর বিভাগের উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>তিনি জানান যে, রাজশাহী জেলার ০৯টি প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে মোট ১৭৭টি স্কিমের মধ্যে ১২৫টি স্কিমের কাজ চলমান আছে। ৬০টি স্কিমের কাজ সমাপ্ত হয়েছে এবং ২টি স্কীমের কাজ শুরুর অপেক্ষায়। কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য সভায় আলোচনা হয়। | <u>৫.০৬.১-</u> প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.০৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহীর প্রেরিত তথ্য সভায় উপস্থাপন করা হয়।<br>উপস্থাপিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন উপজেলায় ১০০ টি বিদ্যালয়ে ২০০টি ওয়াস ব্লক নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে, বাংলাদেশের ২৩টি পৌরসভার পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের মধ্যে গোদাগাড়ী পৌরসভায় ৫টি পাবলিক টয়লেট, ২৬টি কমিউনিটি টয়লেট, ৯.২৬ কি.মি প্রাইমারী ড্রেন, ১টি সলিড ওয়েস্ট কম্পোস্টিং সিস্টেম, ১টি স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, ৪৮টি ডাস্টবিন এবং ১টি সলিড ওয়েস্ট সর্টিং শেড এর কাজ ৭২% সম্পন্ন হয়েছে এবং বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়াও মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ পর্যায়ে নির্মিত ঘরে পানির উৎস/নলকূপ স্থাপন কাজের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। | <u>৫.০৭.১</u>- সকল কার্যক্রমে গুণগতমানের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী |
| ৫.০৮ | সিভিল সার্জনের কার্যালয়, রাজশাহী | সিভিল সার্জন, রাজশাহী তাঁর কার্যালয়ের সকল কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন।<br>তিনি জানান যে, সরকারি সকল নির্দেশনা মোতাবেক এ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রয়েছে। এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে ৩৪৭৫৮ জন, সুস্থ্য ৩৪৪০৭ জন, মৃত-৩৪৪ জন এবং চিকিৎসাধীন ০৭ জন। করোনা ভ্যাকসিন ১ম ডোজ-২৬৪৬৭২০৯ জন, ২য় ডোজ-২৫০১০২৬ জন, বুস্টার ডোজ ১৪১৫৪৬৭ জন এবং ৪র্থ ডোজ ৪২৯২২ জনকে প্রদান করা হয়েছে । নিপা ভাইরাসে আক্রান্ত হয়ে রাজশাহীতে কোন ব্যক্তির মৃত্যু হয়নি। তিনি আরো জানান যে, শিশুর স্বাভাবিক জন্মদানের প্রতি গুরুত্ব দেয়া হচ্ছে। | <u>৫.০৮.১</u>-ডাক্তারের উপস্থিতি নিয়মিতকরণসহ স্বাস্থ্যসেবা ও টিকাপ্রদান কার্যক্রম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয় । | সিভিল সার্জন, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.০৯ | রাজশাহী মেট্রোপলিটন পুলিশ | রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এর কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় আরএমপি'র প্রতিনিধি জানান যে, গণপূর্ত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পসমূহের নির্মাণ কাজ সুষ্ঠুভাবে চলছে এবং সরকারি বিধি-নিষেধ প্রতিপালনসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ৫.১১.১ গতপূর্ত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী |
| ৫.১০ | জেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়, রাজশাহী | এ দপ্তরের তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক, জেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়, রাজশাহী জানান যে, উপজেলা পর্যায়ে নিরাপদ মাংস উৎপাদন বিষয়ে মেলা অনুষ্ঠিত হবে। মেলা অনুষ্ঠানের জন্য তিনি এ জেলার উপজেলা নির্বাহী অফিসারগণের সহায়তা কামনা করেন। এ ছাড়া দপ্তরের স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি অতি প্রয়োজনীয় দুধ, ডিম, মাংস সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি জানান। | ৫.১০.১ সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।<br>৫.১০.২ উপজেলা পর্যায়ে নিরাপদ মাংস উৎপাদন বিষয়ে অনুষ্ঠিতব্য মেলা আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজশাহী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী জেলা |
| ৫.১১ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভায় জানান যে, এখন বোরো ধান রোপণ কার্যক্রম চলমান রয়েছে। পেয়াজ রোপণ শেষ হয়েছে। চলতি মৌসুমে দ্বিগুণ পরিমাণ সরিষা উৎপাদন হবে মর্মে সভায় জানানো হয়। এছাড়া প্রায় ৩৬,৬০০ হেক্টর জমিতে আলুর চাষ হয়েছে। পদ্মা পাড়ের চরের জমিতে বছরে ৪-৫ বার ফসল/সবজি ফলানো হচ্ছে। তিনি সভার সদস্যদের দেখার অনুরোধ করেন। তিন আরো জানান যে, সারের পর্যাপ্ত মজুত রয়েছে। বর্তমানে ডিলার নিয়োগ দেয়ার কোন সুযোগ নেই। মোহনপুর ও দুর্গাপুর উপজেলার কয়েকজন সার ডিলার থেকে বিএডিসির বীজ ডিলার হতে চান মর্মে সভাকে জানান।<br>সভাপতি, বিএডিসি জানান যে, সার বন্টণ ব্যবস্থায় সমস্যা আছে। বাঘা উপজেলায় সঠিকভাবে সার বিতরণ হচ্ছে না । তিনি সুষ্ঠুভাবে সার বিতরণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ৫.১১.১ সম্প্রসারণমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে দপ্তরের সকলকে অধিকতর আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।<br>৫.১১.২- সারের সঠিক বন্টণ নিশ্চিত করার জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী ও সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়। | ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |
| ৫.১২ | রাজশাহী সিটি কর্পোরেশন | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, হযরত শাহ মখদুম রুপোশ (র.)দরগাহ শরীফের টেন্ডার কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.১২.১- সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.১৩ | স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী | উপপরিচালক, স্থানীয় সরকার শাখার তথ্য সভায় উপস্থাপন করেন।<br>সভায় ভিডিও প্রজক্টরের মাধ্যমে উপস্থাপিত তথ্য চিত্র পর্যালোচনায় দেখা যায় যে, উন্নয়ন কর্মকান্ডসহ দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.১৩.১- সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী |
| ৫.১৪ | পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী | সভায় পানি উন্নয়ন বোর্ড, রাজশাহীর তথ্য উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী জানান, ৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় বারনই ও ফকিরনী নদীর পুনঃখনন কাজ চলমান। চারঘাট ও বাঘা উপজেলার পদ্মা নদীর বাম তীরের স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা প্রকল্পের আওতায় ১১ (এগারো)টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ১৭টি ড্রেজারের মাধ্যমে ড্রেজিং কাজ চলমান। ইতোমধ্যে উক্ত প্রকল্পের ৫৬% কাজ সম্পন্ন হয়েছে। ড্রেজিং এর মাধ্যমে প্রাপ্ত প্রায় ৫,০০,০০০ ঘনফুট সংরক্ষিত বালু বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন।<br>ইউএনও, বাগমারা বলেন, নদী খননের ফলে উত্তোলিত মাটি কৃষকের আবাদি জমিতে স্তুপাকারে রাখা হচ্ছে, যার কারণে কৃষকের চাষাবাদে সমস্যা হচ্ছে। তিনি খননকৃত মাটি দ্রুত সরিয়ে নেয়ার জন্য পুনরায় অনুরোধ করেন।<br>সভাপতি উক্ত মাটি নীতিমালা অনুযায়ী বিক্রয়পূর্বক আগামী মার্চের মধ্যে সরিয়ে নেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড কে অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পুঠিয়া, রাজশাহী পুঠিয়া উপজেলার মুসাখান নদী খনন করা হলে কৃষকগণ উপকৃত হত মর্মে সভায় মত প্রকাশ করেন।<br>সভাপতি পরীক্ষা-নিরীক্ষা করে মুসাখান নদী খনন প্রকল্প নেয়ার জন্য পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করেন। | ৫.১৪.১- নির্ধারিত সময়ের মধ্যে সব কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ জানানো হয়।<br>৫.১৪.২-উপজেলা কমিটি ড্রেজিং এর মাধ্যমে প্রাপ্ত বালু বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>৫.১৪.৩- নদী খননের ফলে উত্তোলিত মাটি আগামী মার্চ মাসের মধ্যে নীতিমালা অনুযায়ী বিক্রয়পূর্বক দ্রুত সরিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>৫.১৪.৪-পরীক্ষা-নিরীক্ষা করে মুসাখান নদী খনন প্রকল্প নেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, পওরবিভাগ, বাপাউবো, রাজশাহী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট/বাঘা/ পুঠিয়া, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.১৫ | রাজশাহী ওয়াসা | এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি। | ৫.১৫.১- দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে পরিচালনা করা ও আগামী সভায় প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, রাজশাহী |
| ৫.১৬ | বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী | সভায় বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহীর তথ্য উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী জানান, পুকুর খনন ও ভূ-উপরিস্থ পানি উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র সেচে ব্যবহার প্রকল্প, বরেন্দ্র এলাকায় উচ্চ মূল্য, অপ্রচলিত ফল ও ওষধি ফসল চাষাবাদ জনপ্রিয় করণ প্রকল্প, ইবিএ প্রকল্প ও ইআইইসি প্রকল্প চলমান রয়েছে। তিনি আরো জানান, বোরো মৌসুমের জন্য সেচযন্ত্র স্বাভাবিক রয়েছে।<br>সভাপতি বলেন, কৃষি কাজে ভূ-গর্ভ্যস্থ পানি ব্যবহার করার কারণে পানির স্তর অনেক নিচে নেমে গিয়েছে। ভূ-গর্ভ্যস্থ পানির বিকল্প হিসেবে তিনি খাল খনন, পুকুর পুন:খননের উপর গুরুত্বারোপ করেন। | ৫.১৬.১- কৃষি কাজে ভূ-গর্ভ্যস্থ পানি ব্যবহার করার কারণে পানির স্তর অনেক নিচে নেমে যাওয়ায় ভূ-গর্ভ্যস্থ পানির বিকল্প হিসেবে তিনি খাল খনন, পুকুর পুন:খননের উপর গুরুত্বারোপ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ৫.১৭ | জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজশাহী | জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী তার কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। গত ০১ নভেম্বর ২০২২ হতে শুরু হয়েছে জাটকা সংরক্ষণ অভিযান ২০২২-২৩। চলবে জুন-২০২৩ পর্যন্ত। সারাদেশের ন্যায় রাজশাহী জেলাতেও এ অভিযান পরিচালনা করা হচ্ছে। এ সময় ২৫ সে.মি. এর নিচে জাটকা ইলিশ ধরা, ক্রয়-বিক্রয়, মজুদ ও পরিবহন করা সম্পূর্ণরুপে নিষিদ্ধ করা হয়েছে। অত্র জেলায় এ পর্যন্ত মোট ০১টি মোবাইল কোর্ট, ২৬টি অভিযান, ৫৪ বার হাট-বাজার পরিদর্শন ও ৫টি গণ সচেতনতা সভা করা হয়েছে। উক্ত অভিযান সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | ৫.১৭.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.১৮ | বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় বিভাগীয় বন কর্মকর্তা জানান, সুফল প্রকল্পের আওতায় পবা উপজেলায় ৫.০ কিঃমিঃ স্ট্রিপ বাগান সৃজনের নিমিত্তে চারা উত্তোলনের কাজ চলমান।<br>এছাড়াও "সামাজিক বনায়নের মাধ্যমে বরেন্দ্র অঞ্চলের পরিবেশ সুরক্ষা" প্রকল্পের আওতায় পবা উপজেলায় সিডলিং ৩০.০ কি.মি., চারঘাট উপজেলায় সিডলিং ২৫.০ কি.মি. এবং পবা উপজেলায় ৫০.০ হেঃ উডলট বাগান সৃজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রতি উপজেলায় বিনামূল্যে বিতরণের জন্য ৪৫২১টি চারা উত্তোলন এবং প্রতি উপজেলায় তালের চারা ২০০০টি উত্তোলনের কাজ চলমান রয়েছে। জানুয়ারি/২০২৩ মাসে দরিদ্র উপকারভোগীদের মাঝে সামাজিক বনায়নের গাছ বিক্রির লভ্যাংশ (৪৫% ও ৫৫%) এবং বন বিভাগের রাজস্ব (৪৫% ও ১০%)।<br>তিনি আরো জানান যে, বর্ষা কালে পদ্মার চরে বনায়ন কার্যক্রম পরিচালনা করা হবে। রাজশাহী জেলায় ৭টি ক্যাটাগরির মধ্যে ৩টি ক্যাটাগরিতে মনোনয়ন পেয়েছে। | <u>৫.১৮.১</u>- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয়। | বিভাগীয় বন কর্মকর্তা, রাজশাহী |
| ৫.১৯ | জেলা পরিসংখ্যান অফিস রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহীর প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কাজ ও প্রচারণা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এবছর জাতীয় পরিসংখ্যান দিবস ২৭ ফেব্রুয়ারি, ২০২৩ পালন করা হবে। | <u>৫.১৯.১</u>- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | জেলা পরিসংখ্যান অফিসার, রাজশাহী |
| ৫.২০ | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | <u>৫.২০.১</u>- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী |
| ৫.২১ | জেলা পরিষদ, রাজশাহী | প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী জেলা পরিষদের কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করেন। সরকারি নির্দেশনা মতে তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নাই। | <u>৫.২১.১</u>- নির্ধারিত সময়ের মধ্যে সব কাজ সমাপ্ত করতে সচেষ্ট থাকার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২২ | পরিবেশ অধিদপ্তর, রাজশাহী | পরিবেশ অধিদপ্তর, রাজশাহী তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী জানান, পরিবেশ দূষণ বিষয়ে জানুয়ারি/২০২৩ মাসে ০১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। শব্দ দূষণ নিয়ন্ত্রণ কল্পে জানুয়ারি/২০২৩ মাসে ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১,৫০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়াও পরিবেশ সম্মতভাবে পরিচালিত শিল্প-প্রতিষ্ঠানের অনুকূলে ৮টি ছাড়পত্র প্রদান করা হয়েছে। | <u>৫.২২.১</u>- দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ নিয়মিত মোবাইল কোর্ট করার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী |
| ৫.২৩ | নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী | নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী'র তথ্য পাওয়া গেছে। সভায় সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, সমন্বিত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা প্রণয়ন, ভূমি অধিগ্রহণে অনাপত্তিপত্র প্রদান, সভা/সেমিনার/ওয়ার্কশপ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা; (খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা; (গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা; (ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা এবং (ঙ) তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্ম-পরিকল্পনার আওতায় নির্ধারিত কার্যক্রমসহ দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | <u>৫.২৩.১</u>- জেলা প্রশাসন, আরডিএ ও সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় করে সকল কার্যক্রম অধিকতর গুরুত্ব ও আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র প্লানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |
| ৫.২৪ | যুব উন্নয়ন অধিদপ্তর রাজশাহী | যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহীর কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপ-পরিচালক জানান, দাপ্তরিক কার্যক্রমসহ প্রশিক্ষণ ও ঋণ সহায়তা কর্মসূচি সুষ্ঠুভাবে চলছে। | <u>৫.২৪.১</u>-দাপ্তরিক ও অন্যান্য কর্মসূচির প্রতিগুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |
| ৫.২৫ | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত সহকারী পরিচালক জানান, ভোক্তা অধিকার বিরোধী অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অভিযান পরিচালনাসহ তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম যথারীতি চলছে। আলোচ্য মাসে ৪৫টি অভিযুক্ত প্রতিষ্ঠানকে ৮,৪২,০০০/-টাকা জরিমানা করা হয়েছে। তিনি আরও জানান যে, অভিযোগের পাশাপাশি মটিভেশনাল কার্যক্রম অব্যাহত আছে। | <u>৫.২৫.১</u>- নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত করতে সচেষ্ট থাকার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২৬ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী'র কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় জানানো হয়। | ৫.২৬.১- দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | নিরাপদ খাদ্য কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী |
| ৫.২৭ | জেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান, সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.২৭.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা, রাজশাহী |
| ৫.২৮ | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.২৮.১- দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী |
| ৫.২৯ | কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা জানান, গত মাসের তুলনায় চলতি মাসে লিটার প্রতি পামওয়েল ২/, রসুন দেশি ৬০-৭০/-, রসুন বিদেশি ৬০/-, ডিম ২-৪/-, মাংস খাসি ১০০/-, মেরগ/মুরগী সোনালী ৩০/-, মুরগী ব্রয়লার ৪০-৪৫/- বৃদ্ধি পেয়েছে। এছাড়া গত মাসের তুলনায় চলতি মাসে মোটা চাল ২-৩/-, পিয়াজ দেশি ২-৩/-, শুকনা মরিচ বিদেশি ৫০-৭০/- এবং হল্যান্ড আলু ২-৩/-টাকা হ্রাস পেয়েছে। এছাড়া বাকী সব পণ্যের মূল্য স্থিতিশীল রয়েছে। | ৫.২৯.১-স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ নিয়মিত বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | জেলা সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রাজশাহী |
| ৫.৩০ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী'র দাপ্তরিক তথ্য পাওয়া গেছে।<br>সহকারী পরিচালক জানান জানুয়ারি/২৩ মাসে বিদেশে গমনেচ্ছু প্রার্থীদের ১৬৮০ জন পুরুষ এবং ১৩৪ জন মহিলার ফিংগার প্রিন্ট গ্রহণ করা হয়েছে। এছাড়া বিদেশে গমনেচ্ছু ব্যক্তির সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন অফিসে মিটিং/সভা, প্রসিদ্ধ স্থানে ও হাটবাজারে পোস্টার, লিফলেট, স্টিকার ও বিজ্ঞাপন লাগানো হচ্ছে। | ৫.৩০.১ সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী |
| ৫.৩১ | জেলা শিক্ষা অফিস, রাজশাহী | এ অফিসের তথ্য পাওয়া গেছে। সভায় জেলা শিক্ষা অফিসার জানান, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডার অনুসারে বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলছে। | ৫.৩১.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা শিক্ষা অফিসার, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৩২ | ইসলামিক ফাউন্ডেশন রাজশাহী | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বলেন যে, তিনি গত ২৯ জানুয়ারি ২০২৩ তারিখে এ দপ্তরের পরিচালক পদে যোগদান করেন। তিনি বলেন, জেলা সদর মডেল মসজিদের ইমাম, খতিব ও মুয়াজ্জিন নিয়োগের কার্যক্রম সম্পন্ন হয়েছে। তানোর ও চারঘাট উপজেলায় ইমাম ও খাদেম নিয়োগ প্রক্রিয়া চলমান। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সহজ কুরআন শিক্ষা, প্রাক-প্রাথমিক ও বয়স্ক কেন্দ্রে পাঠদান এবং পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। | ৫.৩২.১-সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |
| ৫.৩৩ | পিটিআই, রাজশাহী | পিটিআই, রাজশাহী তথ্য পাওয়া গেছে। সভায় সুপারিনটেনডেন্ট, পিটিআই, রাজশাহী জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মাল্টিপারপাস অডিটোরিয়ামের হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ৫.৩৩.১- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | সুপারিনটেনডেন্ট পিটিআই, রাজশাহী |
| ৫.৩৪ | বিএসটিআই, রাজশাহী | বিএসটিআই, রাজশাহী'র কার্যক্রমের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান, তাঁর কার্যালয়ের কার্যক্রম যথারীতি চলছে। | ৫.৩৪.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, বিএসটিআই রাজশাহী |
| ৫.৩৫ | পল্লী বিদ্যুৎ সমিতি রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, এ কার্যালয়ের কার্যক্রম যথারীতি চলছে । কোন সমস্যা নেই। সভাপতি সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ধন্যবাদ জানান। | ৫.৩৫.১-নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবাহে সর্বোচ্চ নিষ্ঠার মাধ্যমে কাজ করার জন্য অনুরোধ করা হলো | ১।জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ,নওহাটা, রাজশাহী |
| ৫.৩৬ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত কর্মকর্তা জানান, বোরো মৌসুম শুরু হওয়ায় বাড়তি বিদ্যুতের প্রয়োজন হবে। এ জন্য তিনি রাত ১১.০০ টা থেকে সকাল ১১.০০ টা পর্যন্ত সেচ কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় জানানো হয়। | ৫.৩৬.১- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর-১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৩৭ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত কর্মকর্তা জানান, রাজশাহী কাঁটাখালি হতে ০১টি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হয়। জানুয়ারি-২০২৩ মাসে চারঘাট জোনাল অফিসের পিক আওয়ারে চাহিদা ৯.০০ মেগাওয়াট এর বিপরীতে সরবরাহ ৭-৮ মেগাওয়াট এবং অফপিক আওয়ারে ৬.০০ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ ৫-৬ মেগাওয়াট।<br>সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান সমূহের বকেয়ার তথ্যঃ<br>(ক) সরকারী প্রতিষ্ঠান সমূহের মোট বকেয়ার পরিমাণ =১৯৮৭৯৩৭/- টাকা,<br>(খ) আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান সমূহের বকেয়ার পরিমান = ৫০৮৪৬৭/- টাকা। | ৫.৩৭.১- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো। | জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর-২ |
| ৫.৩৮ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধ জানান যে, ‘গৃহায়ন পদ্মা’ আবাসিক প্লট উন্নয়ন প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য সকল অফিস থেকে পাওয়া যায়নি। | ৫.৩৮.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী |
| ৫.৩৯ | মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী | মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী’র সকল কার্যক্রমের তথ্য পাওয়া গেছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী জানান, সরকারি নির্দেশনা মেনে তার দপ্তরের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ৫.৩৯.১ সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৪০ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশাহী | এ অধিদপ্তরের তথ্য পাওয়া গেছে। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৪০.১ সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৪১ | পল্লী সঞ্চয় ব্যাংক, রাজশাহী | এ অফিসের তথ্য সভায় পাওয়া গেছে। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৪১.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | জেলা সমন্বয়ক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজশাহী |
| ৫.৪২ | বিএডিসি (বীজ) রাজশাহী | এ অফিসের তথ্য সভায় পাওয়া গেছে। দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে । কোন সমস্যা নাই । | ৫.৪২.১ সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক বি.এডিসি(বীজ), রাজশাহী |
| ৫.৪৩ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৪৩.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৪৪ | তাঁত বোর্ড, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৪৪.১- প্রকল্পসহ দাপ্তরিক সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | লিয়াজোঁ অফিসার, তাঁত বোর্ড, রাজশাহী |
| ৫.৪৫ | পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী | এ দপ্তরের কার্যক্রমের তথ্য পাওয়া গেছে। সভায় সহকারী পরিচালক জানান, তাঁর কার্যালয়ের কার্যক্রম যথারীতি চলছে। | ৫.৪৫.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী |
| ৫.৪৬ | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৪৬.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী |
| ৫.৪৭ | সাধারণ বীমা কর্পোরেশন, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৪৭.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |
| ৫.৪৮ | রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | এ অফিসের তথ্য সভায় পাওয়া গেছে। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৪৮.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৫.৪৯ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এ অফিসের তথ্য সভায় পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৪৯.১- সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্র অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৫০ | ফরেস্ট্রি সায়েন্স এ্যান্ড টেকনোলজি ইন্সটিটিউট, রাজশাহী | এ অফিসের তথ্য সভায় পাওয়া গেছে। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫০.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | পরিচালক, ফরেস্ট্রি সায়েন্স এ্যান্ড টেকনোলজি ইন্সটিটিউট, রাজশাহী |
| ৫.৫১ | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লি., রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৫১.১ সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | জেনারেল ম্যানেজার, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লি., রাজশাহী |
| ৫.৫২ | রাজশাহী মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫২.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | অধ্যক্ষ, রাজশাহী মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী |
| ৫.৫৩ | শিশু একাডেমি, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.৫৩.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৫৪ | জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫৪.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী |
| ৫.৫৫ | সরকারি শিশু পরিবার, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৫৫.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ করার জন্য অনুরোধ জানানো হয়। | তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার,রাজশাহী |
| ৫.৫৬ | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫৬.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | wbe©vnx cÖ‡KŠkjx, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ৫.৫৭ | পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫৭.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | পুলিশ সুপার, রাজশাহী |
| ৫.৫৮ | মহিলা সহায়তা কেন্দ্র, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫৮.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপ-পরিচালক মহিলা সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৫৯ | কর্মজীবী মহিলা হোস্টেল, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৫৯.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | হোস্টেল সুপার, কর্মজীবি মহিলা হোস্টেল, রাজশাহী |
| ৫.৬০ | ব্র্যাক, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৬০.১সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | জেলা সমন্বয়ক ব্র্যাক, রাজশাহী |
| ৫.৬১ | বিসিক, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৬১.১ সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপমহাব্যবস্থাপক বিসিক, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৬২ | গণযোগাযোগ অধিদপ্তর জেলা তথ্য অফিস, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৬২.১সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা তথ্য অফিস, রাজশাহী |
| ৫.৬৩ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৬৩.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ স্বয়ং/প্রতি নিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারি পরিচালক উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রাজশাহী |
| ৫.৬৪ | বিপিএসসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৬৪.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ স্বয়ং/প্রতি নিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, রাজশাহী |
| ৫.৬৫ | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী | এ দপ্তরের তথ্য পাওয়া যায়নি। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৬৫.১ আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিংকলেজ, রাজশাহী |
| ৫.৬৬ | জেলা সমবায় অফিস, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৬৬.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | জেলা সমবায় কর্মকর্তা, রাজশাহী |
| ৫.৬৭ | জীবন বীমা কর্পোরেশন | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে | ৫.৬৭.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | জীবন বীমা কর্পোরেশন, রাজশাহী |
| ৫.৬৮ | ভুট্টা ও গম গবেষণা কেন্দ্র, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৬৮.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ভুট্টা ও গম গবেষণা কেন্দ্র, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৬৯ | বি.আর.টি.এ, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৬৯.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী পরিচালক বি.আর.টি.এ, রাজশাহী |
| ৫.৭০ | জেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭০.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী |
| ৫.৭১ | জেলা নির্বাচন অফিস, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭১.১-আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, রাজশাহী |
| ৫.৭২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭২.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | উপপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৭৩ | আনসার ও ভিডিপি, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭৩.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী |
| ৫.৭৪ | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭৪.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী |
| ৫.৭৫ | সিনিয়র জেল সুপার, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭৫.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র জেল সুপার, রাজশাহী |
| ৫.৭৬ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | ৫.৭৬.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত করতে ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান বৈজ্ঞানিক কর্মকতা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৭৭ | ফল গবেষণা কেন্দ্র, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৭৭.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত ও সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকতা, ফল গবেষণা কেন্দ্র, রাজশাহী |
| ৫.৭৮ | কর্মসংস্থান ব্যাংক, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৭৮.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিত ও সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | আঞ্চলিক ম্যানেজার, কর্মসংস্থান ব্যাংক, রাজশাহী |
| ৫.৭৯ | তুলা উন্নয়ন বোর্ড, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। প্রতিনিধি জানান, এ প্রতিষ্ঠানের কোন উন্নয়নমূলক কাজ নাই। দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৭৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, রাজশাহী |
| ৫.৮০ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। সভায় প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | ৫.৮০.১ আগামী সভার পূর্বে তথ্য প্রেরণ নিশ্চিত ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, রাজশাহী |
| ৫.৮১ | বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৮১.১- সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | পরিচালক, শ্রম অধিদপ্তর, রাজশাহী |
| ৫.৮২ | কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৮২.১- আগামী সভার পূর্বে তথ্য প্রেরণ নিশ্চিত ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, রাজশাহী |
| ৫.৮৩ | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৮৩.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রাজশাহী |
| ৫.৮৪ | ঔষধ প্রশাসন, রাজশাহী | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | ৫.৮৪.১- আগামী সভার পূর্বে তথ্য প্রেরণ নিশ্চিত ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়। | সহকারী- পরিচালক,ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৮৫ | মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম | এ কার্যালয়ের তথ্য পাওয়া যায়নি। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | ৫.৮৫.১- আগামী সভার পূর্বে যথাসময়ে তথ্য প্রেরণ নিশ্চিতসহ আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে এবং সভায় ফলপ্রসূ আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল জলিল, জেলা প্রশাসক ও
সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি,
রাজশাহী

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৬.০৬.০০১.২৩.১৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মাননীয় প্রতিমন্ত্রী, প্রতিমন্ত্রীর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬
২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪) মুখ্য সমন্বয়ক (এসডিজি) , মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৫) মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১/রাজশাহী-২/রাজশাহী-৩/রাজশাহী-৪/রাজশাহী-৫
৬) সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/জননিরাপত্তা ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/খাদ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ভূমি মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ডাক, টেলিযোগাযোগ ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশ
৯) ..............................................., ..............................................
১০) প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী [স্বাক্ষরিত কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]

মোঃ আনিসুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও
মানবসম্পদ ব্যবস্থাপনা)